

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৮.০০২.১৭- ১৪৭৬

তারিখঃ ০৫/১১/২০১৭

বিষয়ঃ ভোলা জেলার বোরহানউদ্দিন পৌরসভার সীমানা সম্প্রসারণ প্রসঙ্গে।

সূত্রঃ বোরহানউদ্দিন পৌরসভার স্মারকনং-২২১, তারিখ: ০৭/০৬/২০১৭।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বোরহানউদ্দিন পৌরসভার মেয়র হতে প্রাপ্ত পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী “পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬” এর বিধি ৩(১) অনুযায়ী নিম্নোক্ত তথ্যাদিসহ (প্রস্তাবিত এলাকার তফসিল নির্ধারিত ছকে নমুনা অনুযায়ী সফট কপিসহ) বোরহানউদ্দিন পৌর এলাকা সম্প্রসারণের পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'লঃ

১. প্রস্তাবিত এলাকার অকৃষি পেশায় নিয়োজিত ব্যক্তির শতকরা হার;
২. প্রস্তাবিত এলাকার অকৃষি প্রকৃতির ভূমির শতকরা হার;
৩. প্রস্তাবিত এলাকার জনসংখ্যার ঘনত্ব;
৪. প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত ও পৌরসভার সংলগ্ন কি-না?
৫. প্রস্তাবিত এলাকার অর্থনৈতিক গুরুত্ব এবং অবকাঠামোগত সুবিধার বিবরণ;
৬. প্রস্তাবিত এলাকা সেনানিবাস বহির্ভূত কি-না; এবং
৭. স্কেচ ম্যাপ (A-4 কাগজে বিদ্যমান এলাকা ও প্রস্তাবিত এলাকা পৃথক কালি দ্বারা চিহ্নিত হতে হবে)।

তফসিল

ক্রমং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে এল নং	দাগ নং
১	২	৩	৪	৫

সংযুক্তি:----- পাতা।

  
(মোঃ আবদুর রউফ মিয়া)  
উপসচিব  
ফোনঃ ৯৫১৪১৪২

জেলা প্রশাসক  
ভোলা।

অনুলিপিঃ

- ০১। মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।